

মানসিক স্বাস্থ্য বিষয়ে বৈজ্ঞানিক সম্মেলন অনুষ্ঠিত

আজ ৬ নভেম্বর ২০১৭, সোমবার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে এ্যাসোসিয়েশন অফ থেরাপিউটিক কাউন্সিলরস, বাংলাদেশ (এটিসিবি)-এর ৭ম বৈজ্ঞানিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এ বিশ্ববিদ্যালয়ের মনোরোগ বিদ্যা বিভাগের উদ্যোগে আয়োজিত “কমপিউটারাইজড কোগনিটিভ বিহেভিয়ার থেরাপি: ইউজেস এন্ড এ্যাপলিকেশন” শীর্ষক বিষয়ের উপর অনুষ্ঠিত বৈজ্ঞানিক সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, মনোরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মোঃ ফারুক আলম, অধ্যাপক ডা. মোহিত কামাল। বৈজ্ঞানিক সম্মেলনে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মনোরোগ বিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. বুনু শামসুন নাহার। এতে মনোরোগ বিদ্যা বিভাগের অধ্যাপক ডা. এম এ সালাম প্রমুখসহ মনোরোগ বিশেষজ্ঞগণ ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

